

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যোগাযোগ মন্ত্রণালয়

সড়ক বিভাগ

সঙ্গ গেজেটেড সংস্থাপন শাখা

website : moc.gov.bd

নং- ৩৫.০২২.০১৫.০০.০০.০৫১.২০০৯-৫৯৮

তারিখ : ৩১/০৭/২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : কৈফিয়ত তলব সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যোগাযোগ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী পরিত্র ইন্ড-উল-ফিতর উপলক্ষে ঘরমুখো মানুষের যাতায়াত নির্বিঘ্ন রাখার অভিপ্রায়ে পূর্বসূচি অনুযায়ী কুমিল্লা জোনের আওতাধীন কুমিল্লা সড়ক সার্কেল এবং নোয়াখালী সড়ক সার্কেল-এ অবস্থানপূর্বক সরকারের বিভিন্ন নির্দেশনা বাস্তবায়ন তদারকি করেন। তিনি গুরুত্বপূর্ণ সড়কসমূহের ক্ষতিগ্রস্ততা পর্যালোচনাপূর্বক সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করেন। উক্ত সফরসূচির অংশ হিসেবে মাননীয় মন্ত্রী কুমিল্লা এবং নোয়াখালী সড়ক সার্কেলের বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। কুমিল্লা সড়ক সার্কেলের দায়িত্বের পাশাপাশি আপনি অতিরিক্ত দায়িত্ব হিসেবে নোয়াখালী সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দায়িত্বপ্রাপ্ত। মাননীয় মন্ত্রীর সফরসূচি অবহিত হওয়া সত্ত্বেও মাননীয় মন্ত্রীর অবস্থানকালীন আপনি সার্বক্ষণিক অনুপস্থিত ছিলেন। এর ফলে মাননীয় মন্ত্রী বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে তৎক্ষণিকভাবে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে আপনি ব্যর্থ হন। এছাড়া, দুই চুটিতে মাঠ পর্যায়ে কর্মরত সড়ক বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের সরকারি চুটি বাতিল করা হলেও আপনি ২৯/০৭/২০১৪ তারিখ পরিত্র ইন্ড-উল-ফিতর এর পরদিন কর্মস্থলে উপস্থিত না থেকে ঢাকায় অবস্থান করেন। বর্ণিত তারিখে আপনার ঢাকায় অবস্থান সম্পর্কে অতিরিক্ত সচিব মহোদয় যোগাযোগ করে অবহিত হন যে, আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করেছেন। যা মাননীয় মন্ত্রীর উপস্থিতি ছাড়াও সরাসরি সরকারি নির্দেশনার পরিপন্থি। অন্যদিকে, কুমিল্লা সড়ক সার্কেলের আওতাধীন কুমিল্লা-লাকসাম এবং একই সাথে কুমিল্লা-ব্রাঙ্কণবাড়িয়া সড়কটির অবস্থা পূর্বের মতোই ক্ষতিগ্রস্ত রয়েছে। যার ফলে উক্ত সড়ক ব্যবহারকারী জনসাধারণকে দূর্ভোগ পোহাতে হচ্ছে। ইতোপূর্বে উর্ধ্বতন পর্যায় থেকে ক্ষতিগ্রস্ত সড়ক দুই চুটির পূর্বেই যথাযথ মেরামত ও রক্ষণাবেক্ষণের যে নির্দেশনা প্রদান করা হয়, তা প্রতিপালনেও আপনি সুস্পষ্টভাবে ব্যর্থ হয়েছেন। আপনার এহেন আচরণ ও কার্যকলাপ মাঠ পর্যায়ের একজন গুরুত্বপূর্ণ কর্মকর্তা হিসেবে কর্তব্য কাজে অবহেলার শামিল যা অনভিষ্ঠেত, দুঃখজনক ও অদৃশ্যতার পরিচায়ক।

২। এমতাবস্থায়, মাননীয় মন্ত্রীর সফরকালীন কোন পূর্বানুমতি ব্যতীত অনুপস্থিত থাকা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার প্রতি অবহেলা ও স্বীয় কর্তব্য কাজে গাফিলতি প্রদর্শনের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে না নির্দেশক্রমে তার কৈফিয়ত তলব করা হল এবং পত্র প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় কৈফিয়তের জবাব দাখিলের জন্য অনুরোধ করা হল।



(মোহাঃ লিয়াকত আলী খান)

সহকারী সচিব

ফোন : ৯৫৮৫২৫৭

জনাব কে, এম, আতিকুল হক(০০৫২১৭)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চঃ দাঃ)

সড়ক সার্কেল, কুমিল্লা

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(অতিঃ দাঃ)

সড়ক সার্কেল, নোয়াখালী

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব, আইসিটি ইউনিট প্রধান, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।